

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd.com

পত্র নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০২৫.১৬.২০৮


তারিখ ১৩ ভাদ্র ১৪২৩ বঃ
২৮ আগস্ট ২০১৬ খ্রিঃ

বিষয় : সম্প্রতি বন্যায় ক্ষয়ক্ষতির কারণে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সহায়তার লক্ষ্যে ২০১৬-১৭ অর্থ বছরে খরিপ-২/২০১৬-১৭ মৌসুমে অতিবৃষ্টিজনিত বন্যার ফলে ক্ষতি পুষিয়ে নেয়ার লক্ষ্যে কৃষি পুনর্বাসন কর্মসূচি বাবদ ৫৩.৭৪ লক্ষ (তিপ্পান্ন লক্ষ চুয়াত্তর হাজার) টাকার অর্থ ছাড় মঞ্জুরি আদেশ সংক্রান্ত।

সূত্র : কৃষি মন্ত্রণালয়ের পত্র নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০২৫.১৬.২০৭ তারিখ ২৪ আগস্ট ২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এ মন্ত্রণালয়ের ২৪ আগস্ট ২০১৬ তারিখে ১২.০০.০০০০.০২৬.৩৮.০২৫.১৬.২০৭ সংখ্যক সরকারি আদেশ (জি.ও) এর মাধ্যমে কৃষি পুনর্বাসন কর্মসূচি বাবদ ২০১৬-১৭ অর্থ বছরে কৃষি মন্ত্রণালয়ের অনুকূলে ৩-৪৩০১-০০১২-৫৯৭১-কৃষি পুনর্বাসন মঞ্জুরি খাতে বরাদ্দকৃত ৭৫,০০,০০,০০০.০০ (পঁচাত্তর কোটি) টাকা হতে সম্প্রতি বন্যা ও অতিবৃষ্টির কারণে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের খরিপ-২/২০১৬-১৭ মৌসুমে দেশের অধিক ক্ষতিগ্রস্ত ১১টি জেলার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ক্ষতি পুষিয়ে নেয়ার লক্ষ্যে পুনর্বাসনের আওতায় রোপা আমন চারা বাবদ বিনামূল্যে সরবরাহ করার নিমিত্ত ১৪.৭৪ লক্ষ টাকা এবং ১৬ টি জেলায় সবজি বীজ (বেগুন, মুলা, লালশাক, পালংশাক ও মিষ্টি কুমড়া) বাবদ বিনামূল্যে সরবরাহ করার নিমিত্ত ৩৯.০০ লক্ষ টাকাসহ সর্বমোট (১৪.৭৪ + ৩৯.০০) = ৫৩.৭৪ লক্ষ (তিপ্পান্ন লক্ষ চুয়াত্তর হাজার) টাকার অর্থ ছাড় মঞ্জুরি আদেশ জারি করা হয়েছে এবং সংশ্লিষ্ট সকলের বরাবর প্রেরণ করা হয়েছে। উক্ত আদেশ এবং নীতিমালার কপি ইতোমধ্যে এ মন্ত্রণালয়ের www.moa.gov.bd.com ওয়েব সাইটেও প্রকাশ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট নীতিমালার আলোকে সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে আগামী ৩১ আগস্ট ২০১৬ তারিখের মধ্যে কৃষি পুনর্বাসন কর্মসূচি বাবদ ছাড়কৃত অর্থের উপকরণসমূহ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের হাতে পৌঁছে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।



(মোঃ রেজাউল করিম খান)
সহকারী সচিব
ফোন নং-৯৫৪০৯৬৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

জেলা প্রশাসক,

মুন্সিগঞ্জ/মানিকগঞ্জ/টাঙ্গাইল/শরীয়তপুর/জামালপুর/সুনামগঞ্জ/বগুড়া/সিরাজগঞ্জ/রংপুর/গাইবান্ধা/কুড়িগ্রাম/লালমনিরহাট/
নীলফামারী/ফরিদপুর/ মাদারীপুর/রাজবাড়ি।

অনুলিপি :

সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।